



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
গুরুদয়াল সরকারী কলেজ  
কিশোরগঞ্জ

তারিখ : ১০/০৬/২০১৭

## বিজ্ঞপ্তি

### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নিয়মাবলী :

- ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার ভর্তি সংক্রান্ত নির্ধারিত ওয়েব সাইট ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) -এ যাবতীয় তথ্য পাওয়া যাবে।
- খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা বিভিন্ন পর্যায়ে প্রদান করে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের বোর্ড কর্তৃক নির্ধারিত তালিকা অনুযায়ী ভর্তি করা হবে। উক্ত তালিকা কলেজের নিজস্ব ওয়েব সাইট এবং নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে।

গ) ভর্তির তারিখ :

বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা- ২০/০৬/২০১৭ তারিখ হতে ২২/০৬/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত

এবং ২৮/০৬/২০১৭ হতে ২৯/০৬/২০১৭ তারিখ পর্যন্ত

সকাল ৯:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত

ঘ) শাখাভিত্তিক নির্ধারিত ফি'র হিসাব নিম্নরূপ:

#### শাখা অনুযায়ী ভর্তির ফি'র হিসাব:

শাখা	টাকার পরিমাণ
১। মানবিক ও ব্যবসায় শিক্ষা	১৯০০.০০
২। বিজ্ঞান	২০০০.০০

বি: দ্র: বিলম্ব ফি- ৫০ টাকা, পাঠ বিরতি ফি- ১০০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)

- ঙ) কলেজের হিসাব শাখায় নির্ধারিত ফি জমাদানপূর্বক রসিদ সংগ্রহ করতে হবে।
- চ) ভর্তি কমিটির নিকট টাকা জমার রসিদ প্রদর্শন পূর্বক আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কলেজের **ভর্তি ও রেজিস্ট্রেশন কেন্দ্র (কলেজ অফিস সংলগ্ন)** কমিটির সদস্যদের নিকট জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ছ) ভর্তির ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে:

- ১। এসএসসি'র প্রবেশপত্রের ০২ টি ফটোকপি;
- ২। রেজিস্ট্রেশন কার্ডের ০২ টি ফটোকপি;
- ৩। প্রশংসাপত্রের মূল কপি ও ০২ টি ফটোকপি;
- ৪। এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মূল মার্কসীট)- ০১টি, ফটোকপি ০২টি;
- ৫। ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ৬। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র (মুক্তিযোদ্ধার নাতি/নাতনীদেবের ক্ষেত্রে ডাটা বেইজড এর প্রিন্ট কপি ও মুক্তিযোদ্ধার সনদ) এবং অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে (০২ সেট)।
- ৭। কলেজ অফিসে জমাকৃত টাকার রসিদেবের মূল কপি এবং ফটোকপি- ০১টি।

স্বাক্ষরিত/- ১০/০৬/২০১৭

অধ্যক্ষ

গুরুদয়াল সরকারী কলেজ  
কিশোরগঞ্জ।

সম্পূর্ণ কলেজ CC/IP ক্যামেরার আওতাভুক্ত।